

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ারলেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০০৮(২৪). ১৮ - ২২০

তারিখ: ১৪.০২.২০১৮ খ্রি.

বিষয়: যশোর জেলার ঝিকরগাছা উপজেলাধীন গাজীর দরগাহ ফয়জাবাদ ফাজিল মাদরাসার গভর্নিং বডিতে বিদ্যোৎসাহী সদস্য (ডিজির প্রতিনিধি) মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র: গাজীর দরগাহ ফয়জাবাদ ফাজিল মাদরাসার স্মারক নং-গামা-১১(০২)/১৭

তারিখ: ০২.১১.২০১৭ খ্রি.

(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮ (অংশ)/২৭

তারিখ: ০২.০২.২০১৫ খ্রি


উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদস্য অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, গাজীর দরগাহ ফয়জাবাদ ফাজিল মাদরাসার গভর্নিং বডিতে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক একজন বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের নিমিত্ত সূত্রোক্ত ১ নং স্মারকের মাধ্যমে মহোদয় কর্তৃক ০৩ (তিন) জনের নামের প্রস্তাব সম্বলিত একটি আবেদন দাখিল করা হয়েছে।

০২. দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্র ও তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় -

(ক) বিদ্যোৎসাহী সদস্য প্রাপ্তির নিমিত্ত প্রস্তাবিত তালিকাঙ্ক ১ম ব্যক্তি জনাব মো: মাহবুব আলম বুলু বি.এ ডিগ্রিধারী একজন ব্যক্তি। তিনি (জনাব মো: মাহবুব আলম বুলু) অত্র মাদরাসার লেখাপড়ার মান উন্নয়ন, নিয়মিত ক্লাশে পাঠদান এবং শিক্ষার্থীদের উপস্থিতি সহ সার্বিক বিষয়ে তদারকি ও পরামর্শ দিয়ে থাকেন। এছাড়া মাদরাসার বিল্ডিং নির্মাণ, সংস্কার, মেরামতসহ প্রতিষ্ঠানের উন্নয়নমূলক সকল কর্মকান্ড তদারকি করে থাকেন মর্মে মাদরাসার অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদনের সাথে সংযুক্ত পত্রে উল্লিখিত হয়েছে বিধায় বর্ণিত মাদরাসায় তিনি (জনাব মো: মাহবুব আলম বুলু) বিদ্যোৎসাহী সদস্য হিসেবে কার্যকর ভূমিকা পালন করতে পারবেন মর্মে প্রতীয়মান হয়।

(খ) তাঁর (জনাব মো: মাহবুব আলম বুলু) অনুকূলে সভাপতি ও অধ্যক্ষ, গাজীর দরগাহ ফয়জাবাদ ফাজিল মাদরাসা এর সুপারিশ রয়েছে।

০৩. এমতাবস্থায় বর্ণিত বিষয়গুলো বিবেচনায় এনে সূত্রোক্ত ২নং স্মারকের ১৬ নং অনুচ্ছেদে (ফায়িল ও কামিল মাদরাসায় বিদ্যোৎসাহী সদস্য পদে মহাপরিচালকের প্রতিনিধি মনোনয়ন দান) বর্ণিত ক্ষমতা বলে জনাব মো: মাহবুব আলম বুলু পিতা: মৃত- মোহাম্মদ আলী, গ্রাম: বড়মেঘলা, ডাক: গাজীর দরগাহ, উপজেলা: যশোর সদর, জেলা: যশোর -কে উক্ত মাদরাসার গভর্নিং বডির বিদ্যোৎসাহী সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনয়ন দেয়া হলো।



(মো: আফাজ উদ্দীন)

সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন নং- ৪১০৩০১৬৭

ই-মেইল-dgdmeb@gmail.com

অধ্যক্ষ

গাজীর দরগাহ ফয়জাবাদ ফাজিল মাদরাসা ডাক: গাজীর দরগাহ, উপজেলা: ঝিকরগাছা, জেলা: যশোর।

অনুলিপি:

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড, ঢাকা।

২. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ধানমন্ডি, ঢাকা।

৩. সভাপতি, গাজীর দরগাহ ফয়জাবাদ ফাজিল মাদরাসা ডাক: গাজীর দরগাহ, উপজেলা: ঝিকরগাছা, জেলা: যশোর।

৪. জনাব মো: মাহবুব আলম বুলু পিতা: মৃত-মোহাম্মদ আলী, গ্রাম: বড়মেঘলা, ডাক: গাজীর দরগাহ, উপজেলা: যশোর সদর, জেলা: যশোর।

৫. অফিস কপি।